



বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(কারিগরি সহায়তায় বিটাকের উচ্চ মানসম্পন্ন সেবা নিন)
“ উচ্চতর কারিগরি প্রশিক্ষণ কর্মসূচী ”



বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) শিল্প মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশে উন্নত কারিগরি দক্ষতাসম্পন্ন জনশক্তি সৃষ্টির লক্ষ্যে উচ্চ মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণের জন্যে বিটাকে রয়েছে পর্যাপ্ত সংখ্যক সুদক্ষ প্রশিক্ষক এবং আধুনিক যন্ত্রপাতিসমৃদ্ধ ওয়ার্কসপ। প্রশিক্ষার্থীরা এখানে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি নিজ হাতে কাজ করে দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করে থাকেন। বিটাকে প্রশিক্ষিত জনবলের দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে। আগামী ১০-১০-২০২২ইং তারিখ হতে বিটাক, ঢাকা (ক্রমিক নং ০১ হতে ০৭), বিটাক, চট্টগ্রাম (ক্রমিক নং ০১ হতে ০৫), বিটাক, খুলনা (ক্রমিক নং ০১ হতে ০৪), বিটাক, বগুড়া (ক্রমিক নং ০১ হতে ০৫) ও বিটাক, চাঁদপুর কেন্দ্রে (ক্রমিক নং ০১ হতে ০৩) ট্রেডসমূহে ১৬৭তম উচ্চতর কারিগরি প্রশিক্ষণ কোর্স শুরু হবে।

| ক্রঃ নং | ট্রেডের নাম | আসন সংখ্যা | প্রশিক্ষণ ফি | কোর্সের মেয়াদ |
|---------|------------------------------------|------------|--------------|--|
| ০১ | মেশিনশপ | ২৫ জন | ৫,০০০/- | ১৪ সপ্তাহ (১০-১০-২০২২ইং হতে ১২-০১-২০২৩ইং পর্যন্ত) |
| ০২ | ওয়াল্ডিং | ২৫ জন | ৭,৫০০/- | |
| ০৩ | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স | ২৫ জন | ৮,০০০/- | |
| ০৪ | মেশিন মেইনটেন্যান্স | ২৫ জন | ৫,০০০/- | |
| ০৫ | ফাউন্ড্রি এন্ড প্যাটার্ন মেকিং | ৫ জন | ৫,০০০/- | |
| ০৬ | অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিসিটি | ১০ জন | ৫,০০০/- | |
| ০৭ | অটোক্যাড (2D & 3D) | ২০ জন | ৭,৫০০/- | ০৬ সপ্তাহ (১০-১০-২০২২ ইং হতে ২০-১১-২০২২ইং পর্যন্ত) |

প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি

- ক) শিক্ষাগত যোগ্যতা : ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং/এইচএসসি (ভোকেশনাল)/এসএসসি (ভোকেশনাল)/টিটিসি/কারিগরি কাজের অভিজ্ঞতাসহ এসএসসি/বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত এবং ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- খ) লাইব্রেরী সুবিধা : বিটাকে কারিগরি বিষয় সম্বন্ধীয় বই, জার্নাল সমৃদ্ধ একটি লাইব্রেরী আছে যা প্রশিক্ষণকালে প্রশিক্ষার্থীগণ ব্যবহার করতে পারবেন।
- গ) আবেদন করার শেষ সময় : ০৬-১০-২০২২ ইং। (“আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে রেজিস্ট্রেশন করা হবে)
- ঘ) ক্লাসের সময়সূচী : সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ৮:০০ থেকে দুপুর ৩:০০ পর্যন্ত।

আগ্রহী প্রার্থীগণকে ভর্তি ফরম সংগ্রহের জন্যে প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে অথবা ভর্তি ফরম ফেইসবুক: <https://www.facebook.com/bitachq> এবং ওয়েব সাইটঃ www.bitac.gov.bd থেকে ডাউনলোড করা যাবে (আবেদনপত্র ডাকযোগে পাঠানো যাবে)। এ ব্যতিত আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদন করতে পারবেন (অনলাইন আবেদন লিংক bitac.nise.gov.bd/courses)।


০৬.১০.২০২২

মোঃ আবু সাঈদ খান
পরিচালক (প্রশিক্ষণ)

ফোন: +৮৮-০২-৫৫০৩০০৫৬

ই-মেইলঃ trainingdhaka@bitac.gov.bd